# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 18.03.24 Time: 7.35A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ কলকাতার গার্ডেনরিচে নির্মীয়মাণ বহুতল ভেঙে পড়ায় অন্ততঃ ২ জন প্রাণ হারিয়েছেন, আহত অনেকে।

২/ নির্বাচনী নির্ঘন্ট প্রকাশের পরই রাজ্য জুড়ে জোরকদমে শুরু হয়েছে প্রচারাভিযান।

৩/ সুপ্রিম কোর্টের নির্দেশে নির্বাচন কমিশন, ইলেকটোরাল বন্ড সংক্রান্ত আরো কিছু তথ্য ওয়েবসাইটে আপলোড করেছে। # একমাত্র বামফ্রন্ট, নির্বাচনী বন্ডের সহায়তা নেয়নি বলে CPIM-এর সাধারণ সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন।

৪/ সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় শেখ শাহজাহানের ভাই সহ ধৃত তিনজনের ৫ দিনের CBI হেফাজত হয়েছে।

৫/ দক্ষিণবঙ্গে আগামী বুধবার পর্যন্ত বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। বইতে পারে ঝোড়ো হাওয়া।

*********************************************************************

কলকাতার গার্ডেনরিচে নির্মীয়মাণ বহুতল ভেঙে পড়ায় অন্ততঃ ২ জন প্রাণ হারিয়েছেন, আহত অনেকে। গার্ডেনরিচে ১৩৪ নম্বর ওয়ার্ডের ফতেপুর ব্যানার্জিপাড়া লেনে  মধ্যরাতের কিছু আগে নির্মীয়মাণ পাঁচতলা বাড়িটি হুড়মুড়িয়ে ভেঙে পড়ে। আশেপাশে বেশ কয়েকটি ঝুপড়ি ধংসস্তুপের নীচে চাপা পড়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌছয় দমকল ও বিপর্যয় মোকাবিলা বাহিনীর সদস্যরা। উদ্ধার কাজে হাত লাগান স্থানীয়রা। জখম অবস্থায় অন্ততঃ ১৫ জনকে উদ্ধার করা হয়েছে বলে খবর। তাঁদের কলকাতার বিভিন্ন হাসপাতালে পাঠানো হয়েছে। এখনো ধংসস্তুপ সরানোর কাজ চলছে, ফলে অনেকেই চাপা পড়ে রয়েছেন বলে আশঙ্কা। গ্যাস কাটার নিয়ে কাজ করছেন বিপর্যয় মোকাবিলা কর্মীরা। ঘটনাস্থলে ছুটে যান কলকাতার নগরপাল বিনীত গোয়েল সহ উচ্চপদস্থ পুলিশ আধিকারিকরা। সেখানে যান মেয়র ফিরহাদ হাকিম ও দমকল মন্ত্রী সুজিত বসু।

বিজেপির যুবমোর্চার নেতা ইন্দ্রনীল খাঁ'ও সেখানে যান। তিনি বেআইনি নির্মাণের জন্য প্রশাসনের দিকে অভিযোগের আঙুল তোলেন।

(বাইট- ইন্দ্রনীল )

দ্রুত উদ্ধারকাজের জন্য পর্যাপ্ত সহায়তা পাঠাতে নিজের এক্স হ্যান্ডেলে আবেদন জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী'ও।

স্থানীয়দের অভিযোগ, সম্পূর্ণ বেআইনিভাবে বহুতলটির নির্মাণ কাজ চলছিল। রাস্তা অত্যন্ত সংকীর্ণ হওয়ায়, বিপর্যয় মোকাবিলা বাহিনী ও দমকলের পৌছতে বেশ কিছুটা সময় লেগে যায়। আশপাশের বাড়ি থেকে ও আতঙ্কে বাসিন্দারা রাস্তায় বেড়িয়ে এসেছেন। পাশের একটি ভবন'ও ক্ষতিগ্রস্থ হয়েছে। ওই অঞ্চলে বেআইনিভাবে বহুতল নির্মাণ হচ্ছে বলে অভিযোগ করছেন স্থানীয়রা।

***************

নির্বাচনী নির্ঘন্ট প্রকাশের পরই জোরকদমে শুরু হয়েছে প্রচারাভিযান।

বাঁকুড়া লোকসভা কেন্দ্রে ধলডাঙা মোড়ে 'চায়ে পে চর্চা' সারেন বিজেপি প্রার্থী ডক্টর সুভাষ সরকার। তিনি বলেন, ২০১৪ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'চায়ে পে চর্চা'

শুরু করেছিলেন, তা মানুষের মধ্যে ব্যাপক সাড়া ফেলে। তাই জনসংযোগের মাধ্যম হিসেবে চা-কে তিনি বেছে নিয়েছেন। অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রার্থী অরূপ চক্রবর্তী শহরের সার্কিট হাউস মোড়ে চায়ের আড্ডায় বসেন।

মালদায় দলীয় প্রর্থীদের সমর্থনে এদিন কর্মীসভায় অংশ নেন রাজ্যের মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম। তিনি বলেন, বিজেপি সরকার CAA চালু করে দেশের মানুষের মধ্যে বিভেদ সৃষ্টি করতে চাইছে।

(বাইট- ফিরহাদ)

সাংবাদিক সম্মেলনে তিনি প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীর কড়া সমালোচনা করেন।

বালুরঘাটে প্রচারে অংশ নেন রাজ্য বিজেপি সভাপতি সাংসদ সুকান্ত মজুমদার। জনসংযোগ সারেন তৃণমূল কংগ্রেস প্রার্থী বিপ্লব মিত্র।

হুগলীতে মন্দিরে পুজো দিয়ে প্রচারে অংশ নেন তৃণমূল কংগ্রেস প্রার্থী রচনা বন্দ্যোপাধ্যায়। ঘাটালেও এদিন প্রচার চালান বিজেপি প্রার্থী হিরন্ময় চ্যাটার্জী- হিরণ।

উত্তর ২৪ পরগণার বসিরহাটের ২ নম্বর ব্লকের খোলাপোতায় গতকাল কর্মীসভায় অংশ নেন ISF বিধায়ক নৌশাদ সিদ্দিকি। তিনি বলেন, ২০২৪-এর নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঐক্যবদ্ধ লড়াই-এর মধ্য দিয়ে, সংসদে ISF প্রার্থীকে পাঠানোর ওপর'ও তিনি জোর দিয়েছেন।

এদিকে, মালদা উত্তরের তৃণমূল কংগ্রেস প্রার্থী প্রাক্তন পুলিশ কর্তা প্রসূন বন্দোপাধ্যায়ের একটি মন্তব্যকে কেন্দ্র করে বিতর্কের সূত্রপাত হয়েছে। হরিশ্চন্দ্রপুরে দলীয় কর্মী সভায় যোগ দিয়ে তিনি বলেন, বিজেপি কেন্দ্রীয় বাহিনী দিয়ে তৃণমূল কংগ্রেস কর্মীদের ভয় দেখালে, মানুষ যোগ্য জবাব দেবে। তিনি বিষয়টি দেখভাল করবেন বলেও প্রসূনবাবু মন্তব্য করেন। এর জবাবে ওই আসনে বিজেপি প্রার্থী খগেন মুর্মু বলেন, স্থানীয় কোনো নেতা না পেয়ে তৃণমূল কংগ্রেস একজন বহিরাগতকে প্রার্থী করেছে। নিজের চাকরী জীবনে প্রসূন বন্দোপাধ্যায় অনেক মিথ্যে মামলা দিয়েছেন বলেও তাঁর অভিযোগ।

অন্যদিকে, প্রসূন বন্দোপাধ্যায়ের এই মন্তব্যের নিন্দা করে বিজেপির আই-টি সেলের প্রধান অমিত মালবিয়া বলেছেন, এ থেকেই বোঝা যায়, তিনি নিজের চাকরী জীবনে ঠিক কি কি করেছেন। পুলিশের রাজনীতিকরণের'ও অভিযোগ তোলেন তিনি।

***************

লোকসভা নির্বাচনকে সামনে রেখে রাজভবনে একটি নতুন পোর্টাল চালু হল। রাজ্যপাল সিভি আনন্দ বোস গতকাল এই নতুন পোর্টালের উদ্বোধন করেন। logsabha.rajbhavankolkata@gmail.com ঠিকানার ওই পোর্টালের মাধ্যমে রাজ্যের নাগরিকরা ভোট সংক্রান্ত বিষয়ে পরামর্শ বা অভিযোগ জানাতে পারবেন। দ্রুত সেসব অভিযোগে নিষ্পত্তির'ও আশ্বাস দেওয়া হয়েছে।

উল্লেখ্য, পঞ্চায়েত নির্বাচনের আগেও রাজভবনে সাধারণ মানুষের অভিযোগ জানানোর জন্য একটি পিস রুম চালু করা হয়েছিল। রাজ্যপাল আগেই জানিয়েছেন, লোকসভা ভোটের দিনগুলিতে তিনি রাস্তায় থেকে ভোট পর্ব অবাধ ও শান্তিপূর্ণ রাখার চেষ্টা করবেন।

***************

নির্বাচনে অংশগ্রহণকারী রাজনৈতিক দলগুলিকে, তাদের প্রচারে পরিবেশ সুরক্ষা ও পরিবেশ উন্নতির কথা তুলে ধরার জন্য আবেদন জানিয়েছে রাজ্যের পরিবেশ সংগঠন সবুজ মঞ্চ।

উত্তর ২৪ পরগনার সোদপুরে সবুজ মঞ্চের দ্বিতীয় বার্ষিক সম্মেলনের দ্বিতীয় তথা শেষ দিনে গতকাল শহরের পাশাপাশি গ্রামের পরিবেশ সুরক্ষার বিষয়টিও গুরুত্ব সহকারে তুলে ধরা হয়।

***************

রাজ্যের শাসক দল সংখ্যালঘুদের ভোট ব্যাঙ্ক হিসেবে ব্যাবহার করতে চাইছে, তা' সন্দেশখালির মানুষ বুঝতে পেরেছেন বলে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। গতরাতে দিল্লি যাওয়ার আগে বিমান বন্দরে সাংবাদিকদের সঙ্গে কথা বার্তায়

শুভেন্দু বলেন, CAA নাগরিকত্ব কেড়ে নেবেনা, অথচ মুখ্যমন্ত্রী বিষয়টি নিয়ে লাগাতার উস্কানি দিচ্ছেন।

(বাইট- শুভেন্দু )

***************

নির্বাচন কমিশন গতকাল তাদের ওয়েবসাইটে সুপ্রিম কোর্ট থেকে পাওয়া ইলেকটোরাল বন্ড সংক্রান্ত বেশ কিছু তথ্য আপলোড করেছে। এই তথ্যগুলি www.eci.gov.in/candidate-politicalparty-এ লগ ইন করে পাওয়া যাবে।

নির্বাচন কমিশন এক বিবৃতিতে জানিয়েছে, বিভিন্ন রাজনৈতিক দল সুপ্রিম কোর্টের নির্দেশ মোতাবেক বন্ধ খামে তাদের ইলেক্টোরাল বন্ড সংক্রান্ত তথ্য জমা দেয়। রাজনৈতিক দলগুলির কাছ থেকে পাওয়া এই তথ্যগুলি সুপ্রিম কোর্ট একটি পেনড্রাইভ এবং লিখিত আকারে নির্বাচন কমিশনকে ফেরত পাঠিয়েছে। এই তথ্যগুলিই কমিশনের ওয়েবসাইটে গতকাল আপলোড করা হয়েছে। এখান থেকে কোন রাজনৈতিক দল, কোন বছরে কত টাকা পেয়েছে তার হিসাব পাওয়া যাবে।

***************

নির্বাচনী বন্ড থেকে বিজেপি, তৃণমূল কংগ্রেস, কংগ্রেস সহ সমস্ত দল তহবিল পেলেও একমাত্র CPIM কোন রকম অর্থ নেয়নি বলে দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন। এক সাংবাদিক বৈঠকে গতকাল তিনি সবক'টি রাজনৈতিক দলকেই তীব্র কটাক্ষ করেন।

(বাইট-সেলিম)

এদিকে, রাজ্যের আরও একটি লোকসভা আসনে গতকাল প্রার্থীর নাম ঘোষণা করেছে বামফ্রন্ট। আলিপুরদুয়ার তপশিলী উপজাতি আসনে মিলি ওঁরাও RSP-র প্রার্থী হচ্ছেন।

প্রার্থী তালিকা নিয়ে রাজ্যের বিরোধী দলগুলিকে কটাক্ষ করেছে রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেস। এক সাংবাদিক বৈঠকে মন্ত্রী ব্রাত্য বসু বলেন-

(বাইট-ব্রাত্য)

***************

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে গত ৫ই জানুয়ারি, ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় শেখ শাহজাহানের ভাই শেখ আলমগীর সহ ধৃত তিনজনের পাঁচ দিনের সিবিআই হেফাজতের নির্দেশ দিয়েছে বসিরহাট মহকুমা আদালত। নিজাম প্যালেসে গতকাল দীর্ঘ ৯ ঘন্টা ম্যারাথন জিজ্ঞাসাবাদের পর আলমগীর এবং শাহজাহান ঘনিষ্ঠ মাফুজার মোল্লা ও সিরাজুল মোল্লাকে সিবিআই গ্রেপ্তার করে।

এদিকে, ইডির ওপর হামলার ঘটনায় শেখ শাহজাহান ঘনিষ্ঠ ব্যবসায়ী ফারুক পাইক, মইদুল ও মফিজুলকে প্রায় ১০ ঘন্টা ধরে জেরা করে সিবিআই।

অন্যদিকে, ইডি আধিকারিকদের উপর হামলার ঘটনায় রাজ্য পুলিশের হাতে গ্রেফতার দুই অভিযুক্তের বাড়ি গিয়ে তাদের পরিবারের সঙ্গে দেখা করেন সিবিআই আধিকারিকরা। রামপুরে সঞ্জয় মন্ডলের বাড়িতে গিয়ে তার পরিবারের সঙ্গে দেখা করে ৫ ই জানুয়ারি ঠিক কি হয়েছিলো, সেই সম্পর্কে পরিবারের সদস্যদের জিজ্ঞাসাবাদ করেন।

***************

লোকসভা নির্বাচন ঘোষণা হলেও, 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি'-NTA-র স্নাতক স্তরে ভর্তির CUET-UG পরীক্ষা নির্ধারিত সময়েই হবে বলে জানানো হয়েছে।

১৫ থেকে ৩১-এ মে-এর মধ্যে এই পরীক্ষা নেওয়া হবে বলে UGC-র চেয়ারপার্সন এম-জগদীশ কুমার জানিয়েছেন।

এই সময়ের মধ্যে ২০ এবং ২৫-শে মে' ভোট গ্রহণের দিন নির্ধারিত রয়েছে। ২৬শে মার্চ এই পরীক্ষার জন্য আবেদন পত্র গ্রহণ প্রক্রিয়া শেষ হলে, পরীক্ষার চূড়ান্ত দিনক্ষণ জানানো হবে বলে তিনি উল্লেখ করেন।

***************

দক্ষিণবঙ্গে আগামী বুধবার পর্যন্ত বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

কলকাতা ছাড়াও ঝড়বৃষ্টি হবে উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলী, নদীয়া, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রামে।

আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা এক ডিগ্রি বেশী। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ৪ ডিগ্রি কম।

আবহাওয়া দপ্তর থেকে বলা হয়েছে, আজ সারাদিনই কলকাতা সহ দক্ষিণবঙ্গের আকাশ অংশত মেঘলা থাকবে। বিকেলের দিকে কিছু কিছু এলাকায় কালবৈশাখী ঝড় হওয়ার সম্ভাবনা।

***************

ইস্টবেঙ্গল ক্লাবের ৬১ তম বার্ষিক ক্রীড়া গতকাল ক্লাব মাঠে অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন ক্লাবের ৫০০ জন প্রতিযোগী এতে অংশগ্রহণ করেছিল। বয়েস ভিত্তিক বিভিন্ন বিভাগে প্রতিযোগিতা হয়।
ইস্টবেঙ্গল ক্লাব তাঁবুতে পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে এথলেটিক মিট শুরু হয়। ক্লাবের বহু প্রাক্তন খেলোয়াড়েরা উপস্থিত ছিলেন।

***************

কলকাতার রবীন্দ্র সরোবরে ‘অ্যামেচার রোয়িং অ্যাসোসিয়েশন অফ দ্যা ইস্ট’ ও ফার ইস্ট রোয়িং চ্যাম্পিয়নশিপ আজ শুরু হবে। আয়োজক লেকক্লাব ছাড়া বেঙ্গল রোয়িং ক্লাব, পুনের কলেজ অফ ইঞ্জিনিয়ারিং, মাদ্রাসা বোট ক্লাব ছাড়াও অস্ট্রেলিয়া ও থাইল্যান্ড থেকে একটি করে দল অংশ নেবে।

*****************************************************************